



# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র: জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিডিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/১৩৫৯

তারিখ: ০২/০৬/২০২৪

## কলেজ শিক্ষকগণের অনলাইনে অনুষ্ঠিতব্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-র আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ সংশোধিত ডিপিপি অনুযায়ী অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সিইডিপি-৪৭তম (অনলাইন-৩৫) ব্যাচে অর্থনীতি, ইংরেজি, গণিত, সমাজকর্ম বিষয়ের প্রশিক্ষণ ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে অনুষ্ঠিত হবে। অনলাইনে অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যকর ও সফলভাবে সম্পন্ন হওয়ার নিমিত্তে আগ্রহী প্রশিক্ষণার্থীদের আইসিটি সক্ষমতা যাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইসিটি সক্ষমতা যাচাই এর জন্য একটি প্রশ্নমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইন প্রশিক্ষণে মনোনিয়ন প্রত্যাশী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণকে উক্ত প্রশ্নমালা সঠিকভাবে পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

\*\* আইসিটি সক্ষমতা বিষয়ক তথ্য প্রেরণের সময়সীমা: ০৩/০৬/২০২৪ থেকে ১৩/০৬/২০২৪।

\*\* স্ব স্ব কলেজ অধ্যক্ষের অনুমতি নিয়ে আবেদন প্রেরণ করতে হবে।

\*\* ছায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণই কেবল আবেদন প্রেরণ করতে পারবেন; খন্ডকালীন/অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের আবেদন প্রেরণের সুযোগ নেই।

\*\* সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

\*\* উপরোক্ত বিজ্ঞপ্তির যে কোনো নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সংরক্ষণ করে।

\*\* ইতোমধ্যে সিইডিপি-র আওতায় যারা বর্তমান/অন্য কোন কলেজে কর্মরত থাকা অবস্থায় বিষয়ভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন; তাঁদের আবেদন করার দরকার নেই।

\*\* কলেজ পরিবর্তন হলে বা নতুন করে টিটিআইএস আইডি করার পূর্বে অবশ্যই নিশ্চিত হতে হবে যে, বিগত সময়ে আপনার পদায়নকৃত কলেজসমূহে আপনার টিটিআইএস আইডি ছিল কিনা, থাকলে টিটিআইএস হেল্পলাইন মেইলে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করে প্রোফাইল ট্রান্সফার করে নিতে হবে। একাধিক আইডি করার সুযোগ নেই এবং সনাক্ত হলে উভয় টিটিআইএস আইডি ব্লক হয়ে যাবে।

নির্দেশক্রমে,

০২/০৬/২৪

(মো: হাছানুর রহমান)

পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: <http://www.facebook.com/ttnubdOfficial>

শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) তথ্যসেবা (অফিস সময়-হোয়াটসঅ্যাপ টেক্সট): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল : [ttis@nu.ac.bd](mailto:ttis@nu.ac.bd)

**প্রশ্নমালা পূরণ (আইসিটি সার্ভে)/ আবেদন Submit করার নিয়মাবলী:**

ইতোমধ্যে যে সকল শিক্ষক প্রশিক্ষণের জন্য ব্যবহৃত অনলাইন ডাটাবেজ TTIS-এ আইডি তৈরি করেছেন, তাঁদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-[www.nu.ac.bd](http://www.nu.ac.bd) এর TRAINING মেন্যুর TTIS-Teachers Training Information System ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত TTIS College User Log in (কলেজ ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার) করে TTIS ডাটাবেজ এ প্রবেশ করে Training Application Panel মেন্যুর মধ্যে Application Page Online (NU) সাব-মেন্যু ব্যবহার করে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থিতা নিশ্চিতকরণের আবেদন Submit করতে হবে। Accept টিটিআইএস আইডিধারী শিক্ষকগণই কেবল আবেদন করতে পারবেন, যাদের তথ্য Deny (No Academic Info.) আছে; তারা দ্রুত তাদের স্ব স্ব TTIS প্রোফাইল-এ একাডেমিক তথ্য আপডেট করার পর TTIS সফটওয়্যার লগইন পেজে উল্লিখিত হেল্পলাইন হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৯১৫৭২৬৫৭৬) বিস্তারিত টেক্সট অথবা হেল্পলাইন মেইলে ([ttis@nu.ac.bd](mailto:ttis@nu.ac.bd)) বিস্তারিত মেইল করলে ফিরতি বার্তায়/মেইলে অবহিত/নিশ্চিত করা হবে।

(বি.দ্র.: আবেদন একবারই প্রেরণ করা যাবে এবং একাধিকবার সাবমিট/মডিফাই করার সুযোগ নেই।)

**আইসিটি সক্ষমতা যাচাই লিংক:**

TTIS LOGIN PAGE QUICK LINK: **SCAN QR CODE**

And NU WEBSITE LINK/URL: <https://www.nu.ac.bd>

সূত্র: জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিডিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/১৩৫৯


তারিখ: ০২/০৬/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি



LIKE FANPAGE  
&  
QUICK LOGIN  
TTIS



SCAN THIS CODE :  
OFFICIAL FACEBOOK  
TEACHERS TRAINING FANPAGE

SCAN THIS CODE :  
TTIS-TEACHERS TRAINING INFORMATION  
SYSTEM LOGIN PAGE

০২/০৬/২৪

উপ-পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

০২/০৬/২৪